খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

খুশিলি/এইচআরএম-৯০/ ৯২

০৩ ফেব্রুয়ারি ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ নৌ বাহিনী কর্তৃক পরিচালিত খুলনা শিপইয়ার্ড লিঃ এর **ইলেকট্রিক্যাল শাখায়** (চুক্তিভিত্তিক/ অস্থায়ীভিত্তিক) নিম্নবর্ণিত পদ সমূহে জনবল নিয়োগ করা হবে ঃ

ক্রমিক	পদ	সংখ্যা	নিয়োগের ধরণ	বয়সসীমা	ন্যূনতম যোগ্যতা (শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা)
ক।	সিনিয়র সুপারভাইজার	০৩ জন	চুক্তিভিত্তিক	১৮ থেকে ৩৫ বছর (৩১-০১-২০২৬ পর্যন্ত)। তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।	১। ন্যূনতম এসএসসি (ভোকেশনাল)/ সমমান পাশ। ২। যেকোন কারিগরি প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল ট্রেডে ০৬ (ছয়) মাসের বাস্তব ভিত্তিক প্রশিক্ষণ কোর্সধারী হতে হবে। ৩। বিদ্যুৎ সংযোগ, ডিস্ট্রিবিউশন বোর্ড, প্যানেল বোর্ড, কেবলিং, লোড ক্যালকুলেশন ও সাইট সুপারভিশন বিষয়ে কমপক্ষে ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৪। জেনারেটর, মোটর, বিভিন্ন ধরনের ক্রেন রিপিয়ার ও মেইনটেনেন্স, ইন্ডাস্ট্রিয়াল/ শীপ/ বিল্ডিং প্রজেক্ট- এ কাজের অভিজ্ঞতা থাকলে বিশেষভাবে বিবেচিত হবে। ৫। Electrical Drawing এবং Single Line Diagram (SLD) পড়তে ও বুঝতে পারার সক্ষমতা থাকতে হবে।
খ।	দক্ষ ইলেকট্রিশিয়ান	১৩ জন	অস্থায়ীভিত্তিক	১৮ থেকে ৩২ বছর (৩১-০১-২০২৬ পর্যন্ত)। তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।	১। ন্যূনতম ৮ম শ্রেণি/ সমমান পাশ। ২। যেকোন কারিগরি প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল ট্রেডে বাস্তব ভিত্তিক প্রশিক্ষণ কোর্সধারী হতে হবে। ৩। সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৪। জাহাজে ইলেকট্রিক্যাল কাজের অভিজ্ঞতা থাকলে বিশেষভাবে বিবেচিত হবে।
গ।	দক্ষ এসি টেকনিশিয়ান	০২ জন			১। ন্যূনতম ৮ম শ্রেণি/ সমমান পাশ। ২। যেকোন কারিগরি প্রতিষ্ঠান হতে রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনার ট্রেডে বাস্তব ভিত্তিক প্রশিক্ষণ কোর্সধারী হতে হবে। ৩। সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৪। জাহাজের এসি প্ল্যান্টে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।

২। আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত ফরমে স্পষ্টাক্ষরে স্বহস্তে পূরণপূর্বক **ব্যবস্থাপনা পরিচালক**, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা বরাবর আবেদন করতে হবে। আবেদন ফরম ওয়েবসাইট **www.khulnashipyard.gov.bd/** অথবা সরাসরি হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশন হতে সংগ্রহ করা যাবে।

৩। বর্ণিত 'ক' নং পদের জন্য টাকা ২০০/- (দুইশত) "খুলনা শিপইয়ার্ড এমপ্লয়িজ ওয়েলফেয়ার ফান্ড, খুলনা" এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারসহ আবেদন করতে হবে। এছাড়া 'খ-গ' নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ টাকা ৫০/- (পঞ্চাশ) নগদ (হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশনে) জমা করতঃ ক্যাশ মেমো গ্রহণ সাপেক্ষে আবেদন জমা করতে হবে।

৪। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা/ নাগরিক সনদপত্র, প্রশিক্ষন সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্র (সত্যায়িত ফটো কপি) ও সদ্য তোলা রঙ্গিন পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি দাখিল করতে হবে। মৌখিক সাক্ষাৎকার এর সময় সকল প্রকার শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষন ও অভিজ্ঞতার মূল সনদ অবশ্যই সাথে আনতে হবে।

৫। বর্ণিত 'ক' নং পদের জন্য প্রার্থীর আবেদনপত্র অবশ্যই আগামী ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ রোজঃ মঙ্গলবার বিকাল ১৬৩০ ঘটিকার মধ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশন, খুলনা শিপইয়ার্ড লিমিটেড এ পৌছাতে হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে চিঠি/ মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে। এছাড়া 'খ-গ' নং পদের জন্য প্রার্থীর আবেদনপত্র অবশ্যই আগামী ১৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ রোজঃ সোমবার সকাল ০৯০০ ঘটিকার মধ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশন, খুলনা শিপইয়ার্ড লিমিটেড এ পৌছাতে হবে অথবা ঐ দিন সরাসরি আবেদন পত্রসহ ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য উপস্থিত হতে হবে।

৬। বেতন প্রতিষ্ঠানের কাঠামো অনুযায়ী (আলোচনা সাপেক্ষ) নির্ধারণ করা হবে। উল্লেখ্য, **কর্মদক্ষতা সন্তোষজনক হলে স্থায়ীভিত্তিতে নিয়োগের সুযোগ রয়েছে। এছাড়াও প্রতি বছর ফেস্টিভাল/ ইনসেনটিভ বোনাস, নববর্ষ ভাতাসহ অন্যান্য ভাতা ও ক্ষেত্র বিশেষ খুশিলির অভ্যন্তরে বসবাসের সুযোগ রয়েছে।**

৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

৮। অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ/ যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরৎ দেয়া হবে না।

১০। খুলনা শিপইয়ার্ড লিমিটেড হতে ইতোপূর্বে চাকুরিচ্যুত/ বরখাস্ত/ অব্যাহতি প্রদানকৃত ব্যক্তিদের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

সৈয়দ সাব্বির আহম্মেদ
প্রশাসনিক কর্মকর্তা
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

হুঁশিয়ারি ঃ চাকুরির ব্যাপারে কোন অসৎ ব্যক্তির সহিত আর্থিক সংযোগ করে প্রতারিত হবেন না।